



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া

পোস্ট কোড: বগুড়া-৫৮০০, বাংলাদেশ।

কলেজ কোড: জা.বি.-২৭০১, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী-৪৪২৫, EIIN-119246, বাউবি-৮৬১

www.ahcollege.gov.bd, E-mail: ahcollege@gmail.com

ফোন: অধ্যক্ষ অফিস-০২৫৮৮৮১৩৫৮৫, উপাধ্যক্ষ অফিস-০৫১৬১৭৯২ ও উচ্চমাধ্যমিক ভবন অফিস-০২৫৮৯৯০২০৭৯



বিজ্ঞপ্তি

তারিখ : ২০শে আশ্বিন ১৪৩০
৫ই অক্টোবর ২০২৩

এতদ্বারা সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া'র ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, আগামী ৮ই অক্টোবর ২০২৩ তারিখ রবিবার সকাল ১০.০০ টায় উচ্চমাধ্যমিক ভবনে তাদের "পরিচিতি ক্লাস" অনুষ্ঠিত হবে। উল্লিখিত ক্লাসে কলেজ ইউনিফর্ম তৈরি থাকলে উক্ত ইউনিফর্ম পরিধানপূর্বক আর তৈরি না থাকলে শোভনীয় সিভিল ড্রেসে উক্ত তারিখে নির্ধারিত সময়ের পূর্বেই কলেজে উপস্থিত হতে বলা হলো।

নির্দেশাবলি:

- কলেজের ওয়েবসাইট থেকে ডাউনলোডকৃত ভর্তি ফরমের ডান দিকে শ্রেণি রোল নম্বর পাওয়া যাবে।
- বিজ্ঞান বিভাগের ক্ষেত্রে শেষ ০৪ ডিজিট ও মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগের ক্ষেত্রে শেষ ০৩ ডিজিট রোল নম্বর হিসেবে প্রচলিত হবে।
- মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগের ক্ষেত্রে বিজোড় সংখ্যাধারী রোলসমূহ 'ক' শাখায় ও জোড় সংখ্যাধারী রোলসমূহ 'খ' শাখায় অন্তর্ভুক্ত হবে।
- বিজ্ঞান বিভাগের রোল নম্বরের ক্ষেত্রে শেষ ০৪ ডিজিটকে ৪ দ্বারা ভাগ করে ভাগশেষ ০১ হলে 'ক' শাখা, ভাগশেষ ০২ হলে 'খ' শাখা, ভাগশেষ ০৩ হলে 'গ' শাখা ও ভাগশেষ না থাকলে 'ঘ' শাখার অন্তর্ভুক্ত হবে।

বিভাগের নাম, শাখার নাম, শাখার অবস্থান ও ভবন পরিচিতি:

বিভাগের নাম	শাখার নাম	কক্ষ নং	ভবন
মানবিক	ক	১০১	নতুন বিল্ডিং
মানবিক	খ	১০২	নতুন বিল্ডিং
ব্যবসায় শিক্ষা	ক	২০১	নতুন বিল্ডিং
ব্যবসায় শিক্ষা	খ	২০২	নতুন বিল্ডিং
বিজ্ঞান	ক	৩০১	নতুন বিল্ডিং
বিজ্ঞান	খ	৩০২	নতুন বিল্ডিং
বিজ্ঞান	গ	৪০২	নতুন বিল্ডিং
বিজ্ঞান	ঘ	৫০১	নতুন বিল্ডিং

অনুষ্ঠিতব্য পরিচিতি ক্লাসে শিক্ষার্থীদের ম্যাসেঞ্জার গ্রুপ তৈরি হবে, বিধায় শুধু উক্ত দিন ক্লাসের শিক্ষার্থীদেরকে স্মার্টফোন বহন করার অনুমতি দেওয়া হল। উল্লেখ্য, অন্য দিনগুলোতে কোনভাবেই কলেজচলাকালীন সঙ্গে স্মার্টফোন রাখা যাবে না।

প্রফেসর মো: শাহজাহান আলী (৪৯৯০)

অধ্যক্ষ

সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া

প্রফেসর মো: শাহজাহান আলী (৪৯৯০)

অধ্যক্ষ

সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া।

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে-

- উপাধ্যক্ষ, সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া
- সম্পাদক, শিক্ষক পরিষদ, সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া
- ভারপ্রাপ্ত কর্মকর্তা, উচ্চ মাধ্যমিক ভবন, সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া
- নোটিশ বোর্ড, উভয় ভবন
- সংরক্ষণ নথি।